

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৪.৩০.০০১.১৮-২৭৫০

তারিখঃ ২৭/০৬/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ মুদ্রণ কাজের জন্য তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনাদের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন কমিশন কর্তৃক গৃহীত হওয়ায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) 'র মুদ্রণ সামগ্রী সরবরাহের নিমিত্তে আগামী ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য মুদ্রণ সামগ্রী সরবরাহকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	M/S Monirampur Printing Press	৭৬/এ, নয়াপল্টন, ঢাকা।
২.	BMS Advertising	প্যারামাউন্ট টাওয়ার (২য় তলা), মালিবাগ, ঢাকা।
৩.	Nahar Enterprise	এম.এস. প্লাজা, ২৮/সি/২, টয়নবী সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা।
৪.	Saydia Printing	২৬৯/৪, কমিশনার গলি, ফকিরাপুল, ঢাকা।
৫.	Siddique Printers	১১৫, নয়াপল্টন, কালভার্ট রোড, ঢাকা।
৬.	Willing	১৭৪, আরামবাগ, মতিঝিল, ঢাকা।
৭.	Paper Processing & Packaging	করিম চেম্বর, ৯৯ মতিঝিল, ঢাকা।

শর্তাবলী :

১. অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
২. কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের জন্য প্রতিষ্ঠান সমূহকে তাদের ই-মেইল, ফ্যাক্স নম্বর ও যোগাযোগকারী ব্যক্তির নাম ও ফোন নম্বর প্রদান করতে হবে।
৩. মুদ্রণ সামগ্রী সরবরাহের লক্ষ্যে কমিশন কর্তৃক কোটেশন, দরপত্র/ সীমিত দরপত্র আহবান করা হলে চাহিদা অনুযায়ী দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
৪. যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/ সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
৫. আর্থিক প্রস্তাব দাখিলের পূর্বে কমিশন কার্যালয়ে এসে নমুনা সংগ্রহ পূর্বক দরপ্রস্তাব দাখিল করতে হবে।
৬. মুদ্রণ সামগ্রী সরবরাহের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে তা সরবরাহ করতে হবে।
৭. নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ প্রদান করতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং তালিকাভুক্তি বাতিল করা হবে।

৯. তালিকাভুক্ত প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
১০. কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ করার পর বিল দাখিল করলে কমিশনের প্রচলিত বিধি মোতাবেক চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।
১১. কার্যাদেশ অনুযায়ী সকল মালামাল সরবরাহ করা হয়েছে এ মর্মে কর্তৃপক্ষের অনুমোদিত কর্মকর্তার সার্টিফিকেট গ্রহণ করতে হবে। উল্লেখ্য সার্টিফিকেট ব্যতীত কোন বিল পরিশোধ করা হবে না।
১২. সরকারী নিয়ম মারফিক আয়কর/ভ্যাট কর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১৩. কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শনো ব্যতিরেকে তালিকাভুক্তির মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



(আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ)

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৯৫৫৪৬৮৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১. পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি।
২. চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. -----
৪. অফিস কপি।